



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলক্ষণা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৬০

২৮ মে ২০১৪

নির্দেশনা

মিউচ্যুয়াল ফান্ডের সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাপনা ফি সংক্রান্ত নির্দেশনা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর Section 20A, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৮১ সহ পর্যন্ত, প্রদত্ত ক্ষমতাবলে মিউচ্যুয়াল ফান্ডের সম্পদ ব্যবস্থাপকের ক্ষীম গঠনের পূর্ব সময়কালের ব্যবস্থাপনা ফি আদায় সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা জারি করিল, যথাঃ-

- ১। (ক) যেই সমস্ত সম্পদ ব্যবস্থাপক ইতোমধ্যে ক্ষীম গঠন করিয়াছে কিন্তু সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৬৩ অনুযায়ী ক্ষীমের প্রথম হিসাব বৎসরের নিরীক্ষা প্রতিবেদন সম্পন্ন করে নাই সেই সমস্ত ক্ষীমের অধীন সংগৃহীত অর্থের (collected fund size) উপর সম্পদ ব্যবস্থাপক ফান্ড নিবন্ধন হইতে ক্ষীম গঠন পর্যন্ত সময়কালের জন্য (Pre-scheme formation period/Pre-trade period) উপরোক্ত বিধিমালার বিধি ৬৫ এর উপ-বিধি (২) এর দফা (ক) হইতে (ঘ) পর্যন্ত বর্ণিত ধাপ এবং হার অনুযায়ী ব্যবস্থাপনা ফি আদায় করিতে পারিবে। তবে উপরোক্ত বিধিমালার বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (ধধধ) অনুযায়ী গঠিত স্পেশাল পার্পাস ফান্ড (Special Purpose Fund) এর ক্ষেত্রে বিধি ৬৫ এর উপ-বিধি (২) এর দফা (ঙ) তে উল্লিখিত হার অনুযায়ী ব্যবস্থাপনা ফি আদায় করিতে পারিবে;
- (খ) যেই সকল ফান্ডের প্রসপেক্টাস এখন পর্যন্ত অনুমোদিত হয় নাই সেই সকল ফান্ডের সম্পদ ব্যবস্থাপকগণ ফান্ডের অধীন সংগৃহীত অর্থের (collected fund size) উপর ফান্ড নিবন্ধনের তারিখ হইতে ক্ষীম গঠন পর্যন্ত সময়কালের জন্য (Pre-scheme formation period/Pre-trade period) বিধিমালার বিধি ৬৫ এর উপ-বিধি (২) এর দফা (ক) হইতে (ঘ) পর্যন্ত বর্ণিত ধাপ এবং হার অনুযায়ী ব্যবস্থাপনা ফি আদায় করিতে পারিবে। তবে উপরোক্ত বিধিমালার বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (ধধধ) অনুযায়ী গঠিত স্পেশাল পার্পাস ফান্ড (Special Purpose Fund) এর ক্ষেত্রে বিধি ৬৫ এর উপ-বিধি (২) এর দফা (ঙ) তে উল্লিখিত হার অনুযায়ী ব্যবস্থাপনা ফি আদায় করিতে পারিবে;
- (গ) যেই সমস্ত সম্পদ ব্যবস্থাপক ফান্ড নিবন্ধন করিয়াছে এবং কমিশনের অনুমোদন সাপেক্ষে ইতোমধ্যে উদ্যোক্তার (Sponsor) অংশ বিনিয়োগ করিয়াছে কিন্তু বিধিমালা অনুযায়ী ক্ষীম গঠন করিতে পারে নাই সেই সকল সম্পদ ব্যবস্থাপক ফান্ড নিবন্ধন হইতে ক্ষীম অবলুপ্তি (Winding up) পর্যন্ত সময়কালে বিনিয়োগকৃত অর্থের উপর অর্জিত আয় হইতে উল্লিখিত বিধিমালার বিধি ৬৫ এর উপ-বিধি (২) এর দফা (ক) হইতে (ঘ) পর্যন্ত বর্ণিত ধাপ এবং হার অনুযায়ী ব্যবস্থাপনা ফি আদায় করিতে পারিবে। তবে ভবিষ্যতে ক্ষীম গঠনের পূর্বে উদ্যোক্তার (Sponsor) অংশ বিনিয়োগের আর কোন আবেদন বিবেচনা করা হইবে না।



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলক্ষণা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

- (ঘ) ক্ষীম গঠনের পূর্ব সময়কাল (Pre-scheme formation period/Pre-trade period) বলিতে ফান্ড নিবন্ধন হইতে ক্ষীম গঠন পর্যন্ত সময়কালকে বুঝাইবে।
- ২। এছাড়াও, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ০৮ মোতাবেক কোন মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধিত হইবার পর গণপ্রস্তাবের (public offering) নিমিত্তে খসড়া প্রসপেক্টাস কমিশনে দাখিলের সময়সীমা কমিশন যৌক্তিক মনে করিলে অনধিক ৩(তিনি) মাসের জন্য সর্বোচ্চ একবার বর্ধিত করিতে পারিবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন

চেয়ারম্যান